গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ, ঢাকা।
www.dshe.gov.bd

স্মারক নং- ৩৭.০২.০০০০.১০১.৯৯.০৬৬.২০২০/ ২৭০১/১৫. তারিখ- ১৯ /০১/২০২০খ্রি.

**বিষয় : মুজিববর্ষ লোগো ব্যবহার নির্দেশিকা**

জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী যথাযোগ্য মর্যাদায় দেশে ও বিদেশে উদ্‌যাপনের লক্ষ্যে মুজিববর্ষ যথাযথভাবে পালনের জন্য জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক প্রদত্ত নির্দেশিকা অনুযায়ী লোগো ব্যবহারের জন্য মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরের সকল শাখা এবং অধিভুক্ত প্রতিষ্ঠান সমূহকে নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য লোগো ব্যবহার নির্দেশিকা www. mujib100.gov.bd ⟹ Resources ⟹ Logo & Manual Page Link থেকে সংগ্রহ করা যাবে।

০১. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী উদ্‌যাপন জাতীয় বাস্তবায়ন কমিটি কর্তৃক নির্ধারিত রঙ, বর্ণবিন্যাস এবং আকৃতি ব্যতীত অন্য কোন প্রকারে এই লোগো ব্যবহার করা যাবে না।
০২. সকল সরকারি, বেসরকারি ও এমপিওভুক্ত শিক্ষা প্রতিষ্ঠান কর্তৃক সকল ই মেইলে, সরকারি পত্র, স্মারকপত্র, আধা-সরকারি পত্রে স্ব-স্ব প্রতিষ্ঠানের লোগোর সঙ্গে যথাযথভাবে মুজিববর্ষের লোগোটি ব্যবহার করা যাবে।
০৩. সকল দাপ্তরিক গাড়ি এবং বিভিন্ন অনুষ্ঠানের পোস্টার, ব্যানার, ফেস্টুনে এবং সাজসজ্জায় মুজিববর্ষ লোগোর নির্দেশিকা অনুসরণ করে নির্ধারিত ও আনুপাতিক হারে নান্দনিকভাবে লোগোটি ব্যবহার করা যাবে।
০৪. জাতীয় দিবসসহ বিভিন্ন উপলক্ষ্যে সরকারি-বেসরকারি প্রাতিষ্ঠানিক যোগাযোগের ক্ষেত্রে শুভেচ্ছা কার্ড এবং আমন্ত্রণপত্রে উক্ত লোগো ব্যবহার করা যাবে।
০৫. জাতীয় পাঠ্যপুস্তক এবং সকল সরকারি তথ্য বাতায়নে এই লোগো ব্যবহার করা যাবে।
০৬. সরকারি-বেসরকারি প্রতিষ্ঠান, স্কুল, কলেজ, মাদ্রাসা, বিশ্ববিদ্যালয়ের ক্যালেন্ডার, নোটপ্যাড, স্টেশনারি, বিজ্ঞাপন ইত্যাদি সকল প্রচার সামগ্রীতে এই লোগো ব্যবহার করা যাবে।
০৭. কোনো ব্যক্তিগত বা বেসরকারি ব্যবসায়িক বা বাণিজ্যিক পণ্য, সেবার উদ্দেশ্যে এই লোগো ব্যবহার করা যাবে না।
০৮. বিভিন্ন ক্রীড়া, সাহিত্য, সামাজিক, সাংস্কৃতিক সংস্থার অনুষ্ঠানের আয়োজনে, প্রকাশনার ক্ষেত্রে লোগো ব্যবহার করা যাবে।
০৯. জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের জন্মশতবার্ষিকী জাতীয় পর্যায়ে সুষ্ঠুভাবে উদ্‌যাপনের লক্ষ্যে নির্বাচিত লোগোটি ২৬ মার্চ ২০২১ পর্যন্ত ব্যবহার করা যাবে।

19.01.2020
(প্রফেসর মোঃ শাহেদুল খবির চৌধুরী)
পরিচালক (কলেজ ও প্রশাসন)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
ফোন- ৯৫৬৩৪৩৯

**সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়) :**

০১। সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০২। পরিচালক (মাধ্যমিক/পরিকল্পনা ও উন্নয়ন/প্রশিক্ষণ/ফাইন্যান্স অ্যান্ড প্রকিউরমেন্ট/মনিটরিং অ্যান্ড ইভ্যালুয়েশন), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা (তাঁর আওতাধীন সংশ্লিষ্ট কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৩। যুগ্ম প্রোগ্রাম পরিচালক, সেকেন্ডারী এডুকেশন সেক্টর ইনভেস্টমেন্ট প্রোগ্রাম (সেসিপ), শিক্ষা ভবন, ঢাকা। (তাঁর আওতাধীন কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৪। প্রকল্প পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। (তাঁর আওতাধীন কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৫। পরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ............................ অঞ্চল ............................... (উক্ত নির্দেশিকাটি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৬। সচিব মহোদয়ের একান্ত সচিব, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা বিভাগ, শিক্ষা মন্ত্রণালয়, বাংলাদেশ সচিবালয়, ঢাকা।
০৭। উপপরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। (তাঁর আওতাধীন কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৮। উপপরিচালক, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা, ............................ অঞ্চল ............................... (উক্ত নির্দেশিকাটি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
০৯। সহকারী পরিচালক (সকল), মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১০। সিনিয়র সিস্টেম এনালিস্ট, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা। (তাঁর আওতাধীন কর্মকর্তা/কর্মচারীগণকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১১। জেলা শিক্ষা অফিসার (সকল), ........................................ (উক্ত নির্দেশিকাটি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১২। উপজেলা/থানা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল) ............................................ (উক্ত নির্দেশিকাটি সকল শিক্ষা প্রতিষ্ঠানকে অবহিত করে প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের অনুরোধসহ)।
১৩। প্রশাসনিক কর্মকর্তা/হিসাব রক্ষণ কর্মকর্তা, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১৪। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ, ঢাকা।
১৫। সংরক্ষণ নথি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ ঢাকা

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮- ৩৪ তারিখ: ১৬ /০১/২০২০ খ্রি

বিষয়: মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তরাধীন সকল শিক্ষা প্রতিষ্ঠানে জাতীয় সঙ্গীত পরিবেশন সংক্রান্ত

সূত্র: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮-০৬ ০৫/০১/২০২০ খ্রি.

উপর্যুক্ত বিষয় ও সূত্রের প্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, দেশপ্রেমে উদ্বুদ্ধ করার জন্য দেশের সকল শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক বিদ্যালয়/কলেজ) এসেম্বলী আয়োজন করার নির্দেশনা রয়েছে। যে সকল শিক্ষা প্রতিষ্ঠানে (মাধ্যমিক বিদ্যালয়/কলেজ) এসেম্বলী করা নিতান্ত অসম্ভব , সে সকল শিক্ষা প্রতিষ্ঠান প্রধান কে কেন্দ্রীয় সাউন্ড সিস্টেম ব্যবহার করে শ্রেণি কার্যক্রম শুরুর পূর্বে সকল শ্রেণি কক্ষে একযোগে জাতীয় সঙ্গীত পরিবেশন এবং তার প্রতি যথাযথ সম্মান প্রদর্শন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

বিষয়টি অতীব জরুরি

১৬/০১/২০২০
( মোঃ আনোয়ারুল আউয়াল খান)
সহকারী পরিচালক (প্রশিক্ষণ-৩)
মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর
বাংলাদেশ ঢাকা

বিতরণ:
১.অধ্যক্ষ , সকল সরকারি কলেজ
২.প্রধান শিক্ষক,সকল সরকারি মাধ্যমিক বিদ্যালয়
৩.অধ্যক্ষ সকল বেসরকারি কলেজ
৪.প্রধান শিক্ষক, সকল বেসরকারি মাধ্যমিক বিদ্যালয়

স্মারক নং: ৩৭.০২.০০০০.১১০.০৫.৬৩.২০১৮- তারিখ: ১৬/০১/২০২০ খ্রি

সদয় অবগতি ও প্রয়োজনীয় কাযার্থে

১. পরিচালক (কলেজ ও প্রশাসন)/পরিচালক (মাধ্যমিক) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ ঢাকা
২. পরিচালক (সকল অঞ্চল) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (তার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহে বিষয়টি প্রচারের ব্যবস্থা করার অনুরোধ সহ)
৩. উপ-পরিচালক (মাধ্যমিক) সকল অঞ্চল, মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর (তার আওতাধীন শিক্ষা প্রতিষ্ঠান সমূহে বিষয়টি প্রচারের ব্যবস্থা করার অনুরোধ সহ)
৪. পি এ টু মহাপরিচালক (মহাপরিচালক মহোদয়ের সদয় অবগতির জন্য) মাধ্যমিক ও উচ্চ শিক্ষা অধিদপ্তর বাংলাদেশ ঢাকা
৫. সংরক্ষণ নথি